দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 JAN 2003
পৃষ্ঠা ২ কলাম ৪

# জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিচালনার জন্য একটি গভর্নিং বডি গঠনের বিধান আছে। এখন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে প্রশ্ন:

কোন বেতনভুক্ত শিক্ষক কি সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের গভর্নিং বডির চেয়ারম্যান হতে পারেন?

চেয়ারম্যানসহ গভর্নিং বডির অন্য সদস্যদের অনুমোদন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দিয়ে থাকেন। এখন কোন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রস্তাবিত চেয়ারম্যান ও অন্যান্য সদস্যের ভেতর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যদি শুধু চেয়ারম্যানের নামে অনুমোদন দেন এবং অন্য সদস্যের নাম অনুমোদন না দেন তবে ওই অনুমোদিত চেয়ারম্যান মহোদয় কি অন্যান্য অননুমোদিত সদস্য নিয়ে গভর্নিং বডির মিটিং করতে পারেন? মিটিং করলে সেই মিটিং এ গৃহীত প্রস্তাবাবলি ও তাদের বাস্তবায়ন আইনত বৈধ হবে কি না?

জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত কোন এক শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০০২ সালের মার্চ মাসে প্রতিবেদন পেশকালে উল্লিখিত দু'টি প্রশ্ন রাখা হয়েছিল। কিন্তু বছর শেষ হয়ে গেল, এ পর্যন্ত প্রশ্ন দু'টির উত্তর পাওয়া যায়নি। দেশে সুষ্ঠু শিক্ষার পরিবেশ তৈরীর দায়িত্ব জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওপর ন্যস্ত। সেই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যদি দু'টি প্রশ্নের উত্তর দিতে এত বিলম্ব করেন, তবে দেশে শিক্ষার সুষ্ঠু পরিবেশ তৈরী হবে কিভাবে?

আর একটি বিষয়, গভর্নিং বডির চেয়ারম্যানের নাম অনুমোদন দেয়া হলো, অন্য সদস্যদের নাম অনুমোদন দেয়া হলো না। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একবারও ভেবে দেখেছেন কি, এই অসম্পূর্ণ গভর্নিং বডি মারফত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয় কিভাবে?

মিয়া হোসেন,
৪৭/১ নারিন্দা রোড, ঢাকা ১১০০।